গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
১১-১২ তলা, বিনিয়োগ ভবন, ই-৬/বি
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nsda.gov.bd

নম্বর- ০৩.১৪.২৬৯২.৮৭৯.২৪.০০৭.১৯- ৪৬৭

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৮
০২ অক্টোবর ২০২১

**বিষয়: বঙ্গবন্ধু জাতীয় দক্ষতা প্রতিযোগিতা, ২০২১ এবং আইসিটি ফ্রিল্যান্সারদের সনদায়নের উদ্যোগে মাঠ প্রশাসনের সম্পৃক্ততার নির্দেশনা প্রদান।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র ন.-০৪.৫১২.০০৬.০০০০.০০৩.২০১০-৩০৩; তারিখ: ১৫ ডিসেম্বর ২০১৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার ভিত্তিতে দক্ষ মানবসম্পদ তৈরির নিমিত্তে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর আলোকে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ গঠিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বির্নিমাণে মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ দক্ষ মানবসম্পদ তৈরিতে কাজ শুরু করেছে।

০২। বাংলাদেশ ইতোমধ্যে ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনাল এর সদস্যপদ অর্জন করেছে এবং গত ২০১৯ সালে রাশিয়ার কাজানে অনুষ্ঠিত ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণ করেছে। কোভিড-১৯ এর কারণে ২০২১ সালের ৪৬ তম ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন ২০২২ সালের অক্টোবর মাসে চীনের সাংহাইতে অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে প্রতিযোগী বাছাইয়ের নিমিত্তে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বঙ্গবন্ধু জাতীয় দক্ষতা প্রতিযোগিতা, ২০২১ আয়োজন করতে যাচ্ছে।

০৩। বঙ্গবন্ধু জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ এ অংশগ্রহণের লক্ষ্যে ১৩টি পেশায় (কপি সংযুক্ত) বিভাগীয় পর্যায়ে নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় পর্যায়ে নির্বাচিত প্রতিযোগীদের নিয়ে জাতীয় পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জাতীয় প্রতিযোগিতায় নির্বাচিত ন্যাশনাল চ্যাম্পিয়নগণ ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন সাংহাই ২০২২ এ অংশগ্রহণ করবে।

০৪। এছাড়াও জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইসিটি ফ্রিল্যান্সারদের সনদায়নের লক্ষ্যে কাজ শুরু করেছে। উল্লেখ্য যে, বাংলাদেশের যুব সমাজের একাংশ ফ্রিল্যান্সিং পেশায় নিয়োজিত থেকে বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। ২০৩১ সালের মধ্যে একটি উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশে রূপান্তরের লক্ষ্যে ফ্রিল্যান্সিং পেশাকে আরও গতিশীল করা ও আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনের লক্ষ্যে ফ্রিল্যান্সিংকে সনদায়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior Learning-RPL) পদ্ধতির মাধ্যমে ফ্রিল্যান্সিংকে সনদায়ন করা হবে এবং এ লক্ষ্যে ফ্রিল্যান্সারদের দক্ষতার এ্যাসেসমেন্টের নিমিত্তে দরখাস্ত আহবান করা হয়েছে।

০৫। সূত্রোস্থ স্মারকে বিভাগীয় কমিটির অনুমোদনের ধারাবাহিকতায় আইসিটি ফ্রিল্যান্সারদের দক্ষতা সনদায়ন এবং বঙ্গবন্ধু জাতীয় দক্ষতা প্রতিযোগিতা, ২০২১ এর প্রচার-প্রচারণা এবং প্রতিযোগী বাছাইসহ সার্বিক কার্যক্রমে বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকদের সম্পৃক্ততার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহোদয়-কে সবিনয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

দুলাল কৃষ্ণ সাহা
নির্বাহী চেয়ারম্যান (সচিব)

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ।

নম্বর- ০৩.১৪.২৬৯২.৮৭৯.২৪.০০৯.১৯- ৪৬৯

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৮ / ০২ অক্টোবর ২০২১

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪. বিভাগীয় কমিশনার (সকল)।

৫. জেলা প্রশাসক (সকল)।

২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

নং-০৪.৫১২.০০৬.০০.০০.০০৩.২০১০-৩০৩

তারিখঃ ০১ পৌষ ১৪২০
১৫ ডিসেম্বর ২০১৩

বিষয়ঃ বিভাগীয় দক্ষতা উন্নয়ন পরামর্শক কমিটিতে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে অন্তর্ভুক্ত করার সম্মতি।

সূত্রঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৪০.০০.০০০০.০১১.০০৪.০৮৫.২০১৩-৬৩৯ তারিখঃ ০৩.১২.১৩।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভাগীয় দক্ষতা উন্নয়ন পরামর্শক কমিটিতে সভাপতি হিসাবে বিভাগীয় কমিশনার ও সদস্য হিসাবে জেলা প্রশাসককে অন্তর্ভুক্তকরণের বিষয়ে নির্দেশক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হল।

(এম কাজী এমদাদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৪৪৭

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অনুলিপিঃ

বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.১৪.০০০০.০৭৬.৪৫.০০৪.২০(অ)-৮৩ তারিখ ২৩/০৬/২০২১

**বিষয়: WorldSkills Shanghai 2022 প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে জাতীয় প্রতিযোগিতা আয়োজনের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ১৩টি ট্রেড অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র : **জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের পত্র নং ০৩.১৪.২৬৯২.৮৭৯.২৪.০০৯.১৯-২০৫, তারিখ-০৯/০৬/২০২১**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, WorldSkills Shanghai 2022 প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার আয়োজনের জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত ১৩টি ট্রেড অনুমোদন করা হলো। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩.০৬.২১

(মো: সাখাওয়াৎ হোসেন)
পরিচালক-৯
☎ ৫৫০২৯৪২৯
e-mail: dir9@pmo.gov.bd

নির্বাহী চেয়ারম্যান
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
৪২৩-৪২৮, তেজগাঁও, ঢাকা।

অনুচ্ছেদ - ঙ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.nsda.gov.bd

**বিষয়ঃ ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন সাংহাই- ২০২২ এর ট্রেড চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : দুলাল কৃষ্ণ সাহা
নির্বাহী চেয়ারম্যান (সচিব)
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।

তারিখ: : ১৮ এপ্রিল ২০২১ খ্রিঃ।
সময়: : সকাল ১১.০০ মিঃ।
সভার স্থান: : অনলাইন প্লাটফর্ম।

উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং স্বাগত বক্তব্য প্রদানের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর সদস্য জনাব মো: নূরুল আমিন-কে অনুরোধ জানান। জনাব মো: নূরুল আমিন সভায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি উল্লেখ করেন আমাদের আজকের সভার মূল বিষয়বস্তু হলো ৪৬তম ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণের জন্য নির্ধারিত যে সময়সীমা রয়েছে তার মধ্যেই প্রতিযোগিতায় অংশগ্রহনের সকল কার্যক্রম সম্পন্ন করা। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের পরামর্শ ও সহযোগিতার মাধ্যমে আমরা আশা করি তা সফলভাবে সম্পন্ন করতে সক্ষম হবো।

স্বাগত বক্তব্য শেষে সভাপতি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক জনাব মো: কামরুজ্জামান-কে অনুরোধ করেন। জনাব মো: কামরুজ্জামান ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন সাংহাই-২০২২ এর ট্রেড চূড়ান্তকরণ সংক্রান্ত বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণের জন্য যে গুরুত্বপূর্ণ ধাপসমূহ অনুসরণ করতে হবে তা ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। অতঃপর সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত সকলকে উন্মুক্ত আলোচনার আহবান জানান।

আলোচনার শুরুতে ট্যুরিজম এন্ড হসপিটালিটি আইএসসির চেয়ারম্যান জনাব এ কে এম বারী বলেন, আইএসসি থেকে যে সকল ট্রেড নির্বাচন করা হবে তা মূলত: বাংলাদেশের ট্রেড হিসেবে বিবেচিত হবে। এছাড়া তিনি আরো বলেন ট্যুরিজম এন্ড হসপিটালিটি আইএসসি যে চারটি ট্রেড (Cooking, Restaurant Service, Bakery & Patisserie and Confectionery) প্রস্তাব করেছে তার প্রতিটি ট্রেডের-ই মানসম্মত ও দক্ষ প্রতিযোগী, এক্সপার্ট এবং জাজেস রয়েছে। তাই তিনি প্রস্তাবিত চারটি ট্রেডই প্রাথমিকভাবে নির্বাচনের জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন কার্যক্রমের বিষয় উল্লেখপূর্বক একটি ওয়ার্ল্ড স্কিলস ক্যালেন্ডার তৈরির পক্ষে মত প্রকাশ করেন।

এগ্রোফুড আইএসসির চেয়ারম্যান জনাব শফিকুর রহমান ভূঁইয়া বলেন, পেন্ডামিক হলেও আমরা থেমে থাকতে পারিনা, আমাদের এগিয়ে যেতে হবে। আমরা এগ্রোফুড আইএসসির পক্ষ থেকে একটি ট্রেড প্রস্তাব করেছি তা হলো বেকারি। তিনি আরো বলেন, আমরা একে অপরকে সাহায্য করবো যাতে সুন্দরভাবে লক্ষ্যে পৌছাতে পারি। এছাড়ও তিনি বলেন, একটি ট্রেড নিয়ে দুটি আইএসসি না গিয়ে একটি আইএসসি ডেডিকেটেডলি কাজ করলে দ্বিধাদ্বন্দ্ব দূর হবে বলে আমি বিশ্বাস করি।

ইনফরমাল আইএসসির চেয়ারম্যান মির্জা নুরুল গনি শোভন আজকের এই আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবদ জ্ঞাপন করেন। তিনি সামগ্রিক কর্মকান্ডের জন্য একটি কোর টিম গঠণের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থী পাওয়া গুরুত্বপূর্ণ বিষয়। এছাড়াও তিনি বলেন গত ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন এ অংশগ্রহণকারী, জাজ এবং এক্সপার্টসহ যারা কাজানে গিয়েছেন তারা কিছু শিখে এসেছেন, যা কাজে লাগানো যেতে পারে। ৪৬তম প্রতিযোগিতায় আমরা সর্বোচ্চ

কয়টা ট্রেডে অংশগ্রহণ করবো- ২টা, ৪টা নাকি ৬টা ট্রেডে তা আজকের সভায় ঠিক করতে হবে। তিনি আরো বলেন নির্বাচিত প্রতিযোগিদের গ্রুমিং করে প্রতিযোগিতার জন্য প্রস্তুত করতে হবে।

আরএমজি এন্ড টেক্সটাইল আইএসসির সিইও জনাব জগলুল হায়দার বলেন, গত প্রতিযোগিতায় আরএমজি এন্ড টেক্সটাইল আইএসসি ফ্যাশন টেকনোলজি ট্রেড নিয়ে কাজ করেছে, এভারের প্রতিযোগিতায়ও আমরা একই ট্রেড নিয়ে কাজ করবে।

কনস্ট্রাকশন আইএসসির সিইও জনাব মো: আব্দুল মান্নান উল্লেখ করেন যে, তাদের নিয়মিত কোন প্রশিক্ষন প্রতিষ্ঠান নাই এবং এই সেক্টরের কর্মরতদের নিয়মিত কোন চাকুরি না থাকার বিষয় উল্লেখ করেন। তিনি কনস্ট্রাকশন আইএসসির পক্ষ থেকে প্রস্তাবিত ৫টি ট্রেড থেকে কমিয়ে ৩টি ট্রেড রাখার জন্য অনুরোধ করেন।

লাইট ইঞ্জিনিয়ারিং আইএসসির সিইও জনাব মো: রফিকুল ইসলাম ভূইয়া বলেন, লাইট ইঞ্জিনিয়ারিং আইএসসির পক্ষ থেকে আমরা একটি মাত্র ট্রেড ওয়েল্ডিং প্রস্তাব করেছি এবং এই ট্রেডে ভালো কিছু করতে পারবো বলে বিশ্বাস রাখি। এছাড়াও তিনি ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক একটি কর্মপরিকল্পনা প্রদানের বিষয়ে মত প্রকাশ করেন।

আইসিটি আইএসসির সিইও জনাব বীরেন্দ্র নাথ অধিকারি বলেন, আমরা প্রাথমিকভাবে ৭টি ট্রেড প্রস্তাব করেছি কিন্তু আমরা এখন ৪টি ট্রেড নিয়ে কাজ করতে চাই। তিনি আরো বলেন, আমরা অভ্যন্তরীণ আলোচনা করে চূড়ান্ত ট্রেডের তালিকা শীঘ্রই জানাবো।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য জনাব মো: নূরুল আমিন বলেন ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণের জন্য আমাদের প্রায় ১৫ থেকে ২০টি ধাপ অতিক্রম করতে হবে। আমরা বর্তমানে ১ম ধাপে আছি। তিনি আরো বলেন যে, জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন করা খুব কঠিন ও চ্যালেঞ্জিং একটা বিষয়। তাই এক্ষেত্রে আপনাদের সহযোগিতা আমাদের প্রয়োজন।

সভার সভাপতি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান জনাব দুলাল কৃষ্ণ সাহা বক্তব্যের শুরুতে সকলকে মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন কোভিড-১৯ মহামারির কারনে আমরা বর্তমানে কঠিন পরিস্থিতির মধ্যে রয়েছি। দেশকে এগিয়ে নেওয়ার জন্য আমাদের সকলকে সতর্কতার সাথে কাজ করতে হবে। এছাড়া তিনি ৪৬তম ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। ৪৬তম ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে অংশগ্রহণের লক্ষ্যে আইএসসির চেয়ারম্যানগনের প্রস্তাব অনুযায়ী প্রাথমিকভাবে নিম্নোক্ত ১৩টি ট্রেড নির্বাচন করা হয়:

1. Painting and Decorating-22;
2. Plastering and Drywall Systems-21;
3. Fashion Technology-31;
4. Print Media Technology-11;
5. IT Network System Administration -39;
6. Web Technologes-1;
7. Cloud computing -53;
8. Cyber Security-54;
9. Welding-10;
10. Cooking-3;
11. Restaurant Service-35;
12. Patisserie and Confectionery-32;
13. Bakery-47

২। জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত ১৩টি ট্রেডের অনুমোদন প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে। তবে বর্তমান কোভিড পরিস্থিতি এবং জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে প্রতিযোগীতা আয়োজনের বিষয়টি বিবেচনায় নিয়ে সার্বিক সিদ্ধান্ত গ্রহন করা হবে।

৩। জাতীয় পর্যায়ে আয়োজিতব্য প্রতিযোগিতায় শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি)সমূহ প্রার্থী নির্বাচন, জাজেস নির্বাচন, টেকনিক্যাল এক্সপার্ট নির্বাচন, টেস্ট প্রজেক্ট ডেভেলপমেন্ট, ভেন্যু নির্বাচন এবং অর্থায়নে কিভাবে এনএসডিএ-কে সহযোগিতা প্রদান করবে তা লিখিতভাবে জানাবে।

পরিশেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দুলাল কৃষ্ণ সাহা
নির্বাহী চেয়ারম্যান (সচিব)
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

১১-১২ তলা, বিনিয়োগ ভবন, ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা

নগর, ঢাকা-১২০৭

www.nsda.gov.bd

স্মারক নম্বর: ০৩.১৪.২৬৯২.৮৭৯.০৬.০০২.২১.১৩

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কর্তৃক আইসিটি ফ্রিল্যান্সারদের অ্যাসেসমেন্ট ও সনদায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এনএসডিএ দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক শ্রম বাজারে দক্ষ জনবলের চাহিদা পূরণকল্পে দক্ষ মানবসম্পদ তৈরির উদ্দেশ্যে কাজ করছে। দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে অভিজ্ঞতা অর্জনকারী জনগোষ্ঠী দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। একই সাথে অর্জিত অভিজ্ঞতাকে আনুষ্ঠানিকভাবে সনদায়নের মাধ্যমে সামাজিক মর্যাদা ও আয় বৃদ্ধির সুযোগ রয়েছে।

০২। বাংলাদেশের বিপুল সংখ্যক জনগোষ্ঠী দেশে এবং আন্তর্জাতিকভাবে ফ্রিল্যান্সার কর্মে নিয়োজিত থেকে বৈদেশিক মুদ্রা অর্জনে উল্লেখযোগ্য অবদান রাখছেন। এসডিজির অভিষ্ট অর্জন এবং ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে পরিণত করতে ফ্রিল্যান্সারগণ সহায়ক ভূমিকা রাখবে। এ লক্ষ্যে ফ্রিল্যান্সারদের পূর্ব অভিজ্ঞতা স্বীকৃতি প্রদানের জন্য এনএসডিএ কর্তৃক আইসিটি ফ্রিল্যান্সারদের দক্ষতার অ্যাসেসমেন্ট ও সনদায়নের জন্য উদ্যোগ গ্রহণ করেছে।

০৩। বর্ণিতাবস্থায়, এনএসডিএ কর্তৃক আইসিটি ফ্রিল্যান্সারদের অ্যাসেসমেন্ট ও সনদায়ন বিষয়ক বিজ্ঞপ্তিটি (কপি সংযুক্ত) আপনার মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-৯-২০২১

মোঃ নূরুল আমিন

সদস্য

বিতরণ :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

২) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৪) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৫) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

৬) নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৭) চেয়ারম্যান (সকল), আইএসসি

স্মারক নম্বর: ০৩.১৪.২৬৯২.৮৭৯.০৬.০০২.২১.১৩/১

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

১৩-৯-২০২১
জেসমীন আক্তার
পরিচালক, এ্যাসেসমেন্ট

## আইসিটি ফ্রিল্যান্সারদের অ্যাসেসমেন্ট ও দক্ষতা সনদ প্রদান বিজ্ঞপ্তি

- আপনি কি একজন ফ্রিল্যান্সার?
- দক্ষ ফ্রিল্যান্সার হওয়া সত্ত্বেও প্রাতিষ্ঠানিক সনদ না থাকায় আপনি কি সামাজিক স্বীকৃতির অভাববোধ করছেন?
- আপনি কি প্রাতিষ্ঠানিক দক্ষতা সনদ প্রত্যাশী?

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আপনার দক্ষতার জন্য গর্বিত ও জাতীয় দক্ষতা সনদ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। দক্ষতার জাতীয় সনদ গ্রহণ করুন, প্রাতিষ্ঠানিক ও সামাজিক স্বীকৃতি লাভ করুন।**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের আইসিটি ফ্রিল্যান্সারদের দক্ষতা সনদ প্রদানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিভিন্ন অকুপেশনে পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior learning) পদ্ধতিতে অ্যাসেসমেন্ট ও সনদায়নের ব্যবস্থা গ্রহণ করেছে।
অ্যাসেসমেন্ট ও সনদ প্রাপ্তির জন্য প্রার্থীকে নিম্নের ধাপসমূহ অনুসরণ করতে হবে:

১. কোনো নির্দিষ্ট পেশার নির্দিষ্ট স্তরে সনদ প্রাপ্তির জন্য প্রার্থীকে অবশ্যই আনুষ্ঠানিক, অনানুষ্ঠানিক, উপানুষ্ঠানিক অথবা অন্য যে-কোনো প্রকারেই হোক, বিবেচ্য পেশা ও স্তরের জ্ঞান ও দক্ষতা সম্পন্ন হতে হবে;
২. জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট www.nsda.gov.bd থেকে আপনার প্রত্যাশিত অকুপেশন ও লেভেলের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ডাউনলোড করা যাবে;
৩. আগ্রহী প্রার্থীর অর্জিত দক্ষতা কম্পিটেন্সি স্ট্যান্ডার্ডে বর্ণিত দক্ষতার অনুরূপ হলে জাতীয় পরিচয়পত্র, পরিচয়পত্র না থাকলে জন্ম সনদ, সাম্প্রতিক ছবি,কর্মসম্পাদন অভিজ্ঞতার প্রমাণপত্র এবং ৫০ থেকে ১০০ শব্দের মধ্যে অর্জিত পূর্ব অভিজ্ঞতার বিবরণসহ অনলাইনে আবেদন করতে হবে;
৪. শীঘ্রই অনলাইন আবেদন ফরম জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
৫. প্রাপ্ত আবেদন পেশা,স্তর ও অভিজ্ঞতা অনুযায়ী যাচাই-বাছাই করে নির্বাচিত প্রার্থীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে;
৬. নির্বাচিত প্রার্থীদের চাহিদা বিবেচনায় অনুমোদিত কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুসারে পেশা ও স্তরভিত্তিক এনএসডিএ কর্তৃক নির্ধারিত দিন ও সময়ে বিনামূল্যে ওরিয়েন্টেশন প্রদান করা হবে;
৭. ওরিয়েন্টেশন শেষে প্রার্থীগণ এনএসডিএ-এর ওয়েবসাইট থেকে স্ব-মূল্যায়ন (Self-Assessment) নির্দেশিকা ডাউনলোড করে চূড়ান্ত মূল্যায়নের জন্য প্রস্তুত কি না সে ব্যাপারে নিশ্চিত হলে চূড়ান্ত মূল্যায়নে (Assessment) অংশগ্রহণের জন্য কম্পিটেন্সি অ্যাসেসমেন্ট চুক্তি সম্পাদন (Competency Assessment Agreement) ফর্ম পূরণ করে চুক্তি সম্পাদন করতে হবে;
৮. পূরণকৃত স্ব-মূল্যায়ন নির্দেশিকা এবং কম্পিটেন্সি অ্যাসেসমেন্ট চুক্তি সম্পাদন ফর্ম সংরক্ষণ করতে হবে এবং পরবর্তিতে অ্যাসেসমেন্টের দিনে অ্যাসেসরকে স্ক্যান কপি ইমেইল করতে হবে;
৯. এনএসডিএ কর্তৃক নির্ধারিত মূল্যায়ন (Assessment) ফি প্রদান করে অনলাইন নিবন্ধন সম্পাদন করতে হবে;
১০. রেজিস্ট্রেশন সম্পন্ন হলে অ্যাসেসমেন্টের দিন ও সময় ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে অথবা ইমেইলে জানানো হবে; এবং
১১. নির্ধারিত দিন ও সময়ে অ্যাসেসমেন্টে কম্পিটেন্ট হলে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক জাতীয় দক্ষতা সনদ প্রদান করা হবে।

দক্ষ হউন, দক্ষতার জাতীয় সদনগ্রহণ করুন, নিজেকে জাতীয় সম্পদ হিসেবে প্রতিষ্ঠা করুন এবং আত্মমর্যাদার সাথে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহণ করুন। সনদায়ন সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য আইসিটি ফ্রিল্যান্সার অ্যাসেসমেন্ট ও সনদায়ন গাইডলাইন অনুসরণ করুন। অকুপেশনের তালিকা, আইসিটি ফ্রিল্যান্সার অ্যাসেসমেন্ট ও সনদায়ন গাইডলাইন এবং প্রয়োজনীয় সকল তথ্য www.nsda.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।